দৈনিক ইনকিলাব
দৈনিক ইনকিলাব
10
তারিখ ...28 OCT 1991
পৃষ্ঠা ৩১ ... কলাম ১

এই বাংলায়

দেশের বহু ভগ্ন-বিধ্বস্ত স্কুল-কলেজ-মাদ্রাসা সংস্কার হয়নি

গাছতলা ও খোলা মাঠে ক্লাস শিক্ষাদান বিঘ্নিত

।। ইনকিলাব রিপোর্ট ।।

সেই পাকিস্তান আমল থেকে আজ পর্যন্ত গ্রাম-বাংলার শিক্ষা সংকট কাটেনি। স্বাধীনতা উত্তর বিভিন্ন সাবেক আমলে শিক্ষা ব্যবস্থার 'তরক্কী' বা 'আমূল সংস্কারের' নামে বহু ঢামাঢোল পিটালেও বাস্তবে শিক্ষা সংকটের কোনো সুরাহাতো হয়নি অধিকন্তু সংকট দিন দিন সংকটতর হয়েছে। এ সংকট নানামুখী। শিক্ষাক্রম থেকে শুরু করে শিক্ষা দান, সরকারী অনুদানের অভাব, শিক্ষক স্বল্পতা, ছাত্র-শিক্ষকদের আবাসিক সমস্যা, বই-পুস্তকের অভাব, লাইব্রেরীর উপযুক্ত পরিবেশ, ল্যাবরেটরীর যন্ত্রপাতিসহ আসবাবপত্রের নিত্যকার সংকটে সুষ্ঠু শিক্ষা দান মারাত্মক ভাবে ব্যাহত হচ্ছে।

সর্বোপরি রয়েছে শিক্ষা প্রতিষ্ঠানের ভাঙ্গা ঘর, ভাঙ্গাগৃহ সমস্যা। দেশে বারবার ঘূর্ণি-টর্নেডো ও গর্কি-তুফানে অসংখ্য স্কুল-কলেজ ও মাদ্রাসা বিধ্বস্ত হয়েছে। সরকারী সাহায্যের অভাবে এ সব বিধ্বস্ত স্কুলগৃহ মেরামত বা সংস্কার হয়নি। তাই শিক্ষাদান ও শিক্ষাগ্রহণে ছাত্র-শিক্ষকদের চরম ভোগান্তি হচ্ছে। অনেক স্কুলে টেবিল-বেঞ্চের অভাবে ছাত্র-ছাত্রীরা ইট ও চাটাইতে বসে ক্লাশ করে আর শিক্ষকরা দাঁড়িয়ে দাঁড়িয়ে পাঠ দিয়ে থাকেন। এছাড়া কোথাও কোথাও স্কুলের খোলা মাঠে বা গাছতলায় ক্লাশ চলছে।

মীরসরাই (চট্টগ্রাম) : চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলার পূর্ব সাহেবপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়টি ঘূর্ণিঝড়ে বিধ্বস্ত হবার পর অর্থাভাবে সংস্কার হয়নি —ইনকিলাব

দেশ-গ্রামের এবম্বিধ শিক্ষা সংকট তথা স্কুল-কলেজ-মাদ্রাসার চিরাচরিত সংকট ও সমস্যাবলী সম্পর্কে দৈনিক ইনকিলাব-এর মফস্বল সংবাদদাতা ও প্রতিনিধিদের প্রেরিত তথ্যভিত্তিক সংক্ষিপ্ত রিপোর্ট ও কতিপয় আলোকচিত্র এখানে পরিবেশিত হলোঃ

গোসাই ডাঙ্গি প্রাথমিক বিদ্যালয়



পাবনা, ২৭ অক্টোবর (জেলা সংবাদদাতা) ।— পাবনা কুষ্টিয়ার সীমানায় অবাস্থিত গোসাই ডাঙ্গি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রায় ৪ শত ছাত্র-ছাত্রী খোলা আকাশের নিচে ক্লাশ করছে। তিন বছর আগে এক ঘূর্ণিঝড়ে বিদ্যালয়টি বিধ্বস্ত হয়। সংস্কারের জন্য সরকারী অনুদান পাওয়া যায়নি। এই দীর্ঘ সময় রোদ, বৃষ্টি মাথায় নিয়ে ছাত্র-ছাত্রীরা ক্লাশ করছে।

ছারা পাইলট উচ্চ বালিকা বিদ্যালয়

চৌগাছা থেকে নিজস্ব সংবাদদতা জানান, যশোরের চৌগাছা উপজেলার ঐতিহ্যবাহী ছারা পাইলট উচ্চ বালিকা বিদ্যালয়টি বর্তমানে বহুবিধ সমস্যায় জর্জরিত। ফলে, ছাত্রীরা সুষ্ঠু শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে।

১৯৬২ সালে জনৈক আব্দুল হাদী তরফদার কর্তৃক প্রতিষ্ঠিত বিদ্যালয়টি প্রতিষ্ঠা লগ্ন থেকেই শিক্ষাদানের দিক দিয়ে প্রশংসা অর্জন করে আসছে। অর্থাভাবে বিদ্যালয়টি সংস্কার-মেরামত করা সম্ভব হচ্ছে না। দেয়ালে ফাটল ধরেছে। যে কোন মুহূর্তে দেয়াল ধসে দুর্ঘটনা ঘটতে পারে। এখানে রয়েছে আসবাব পত্রের সংকট, নড়বড়ে টিনের ছাউনি দিয়ে বর্ষা মৌসুমে পানি পড়ে ক্লাসে হাটু পানি জমে। দরজা জানালা না থাকায় বিদ্যালয়ে গরু -ছাগল ঢুকে অপরিস্কার করে।

এখানে নেই বিজ্ঞানাগারের প্রয়োজনীয় যন্ত্রপাতি। ফলে বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীরা সঠিক শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে।

বিদ্যালয়টিতে চেয়ার, টেবিল, ব্লাকবোর্ড, বেঞ্চের সংকট রয়েছে। কর্তৃপক্ষের কাছে আবেদন নিবেদন করেও কোন ফল হয়নি। অনেক ক্ষেত্রে ছাত্রীদেরকে দাঁড়িয়ে ক্লাস করতে হয়।

ছারা বালিকা বিদ্যালয়ে সর্বমোট ৭শ' ছাত্রী রয়েছে। ছাত্রীরা অভিযোগ করেছে, অব্যবস্থা দূর করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবরই নীরব ভূমিকা পালন করেন।

ব্রাহ্মণপাড়া সরকারী হাইস্কুল

ব্রাহ্মণপাড়াস্থ নিজস্ব সংবাদদাতা জানান, ব্রাহ্মণপাড়া উপজেলার সরকারী ভগবান উচ্চ বিদ্যালয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষের নেক নজরের অভাবে শিক্ষাদানের ক্ষেত্রে অচলাবস্থার আশংকা দেখা দিয়েছে। উপজেলার ঐতিহ্যবাহী সরকারী উচ্চ বিদ্যালয়ে দীর্ঘদিন যাবত প্রধান শিক্ষকের অভাবে স্কুলের নিয়ম-কানুন ও বিভিন্ন কাজ কর্মের ব্যাঘাত ঘটছে।

অংক ও ইংরেজী শিক্ষকসহ আরো ৫-জন শিক্ষকের অভাবে শিক্ষাদান ব্যাহত হচ্ছে। এ স্কুলে বিজ্ঞানাগার নেই। মহিলাদের কমনরুম নেই। শৌচাগার নেই। এছাড়া আসবাবপত্র ও ছাত্র-ছাত্রীদের সংখ্যা অনুপাতে অপ্রতুল। পাঠাগার না থাকায় ছাত্র-ছাত্রীরা প্রকৃত জ্ঞানচর্চা থেকে বঞ্চিত হচ্ছে।

তারিখ 28 OCT 1991
পৃষ্ঠা ... কলাম

...ইসলামিয়া

...তা জানান, গত ...ামিয়া সিনিয়ার ...। ফেনী সদর ... ছাত্ররা সেই ... সুবিধার মধ্যে ...ভবন সমূহের ছাদ না ...কায় ছাত্ররা পার্শ্ববর্তী মসজিদে ও ...রান্দায় পড়ালেখা করতে বাধ্য হচ্ছে। ... সাহায্যের মধ্যে সরকারী সামান্য গম ...তীত আর কিছুই পাওয়া যায়নি মাদ্রসার ...ক্ষক ও ছাত্ররা রোদ-বৃষ্টিতে ক্লাশ করে ...কে। আর্থিকাবস্থা ভালো না থাকায় নিজস্ব ...দ্যোগেও পুন : নির্মাণ কাজ করা সম্ভব ...চ্ছে না।

... অবস্থায় জরুরী সাহায্য না পেলে উক্ত ...দ্রাসায় শিক্ষাদান চরম বিঘ্নিত হয়ে পড়বে।

...র্বসাহেবপুর প্রাথমিক স্কুল

...রসরাই (চট্টগ্রাম) চট্টগ্রাম থেকে ...ংবাদদাতা জানান, জেলার মীরসরাই ...পজেলার পূর্বসাহেবপুর সরকারী প্রাথমিক ...দ্যালয়টি সম্প্রতিক ঘূর্ণিঝড়ে বিধ্বস্ত হয়। ...ধ্বস্ত হওয়ার দীর্ঘদিন অতিবাহিত হওয়ার ...রও বিদ্যালয়টি মেরামতের কোন উদ্যোগ ...য়া হয়নি। ফলে ছাত্র-ছাত্রীদের ক্লাশ নেয়া ...ম্ভব হচ্ছে না। এলাকাবাসী স্কুলটি জরুরী ...রামতের দাবী জানিয়েছে।

...বিদ্যালয়টি আজো মেরামত করা হয়নি

...শুরাম (ফেনী) থেকে সংবাদদাতা জানান, ... ২৯ শে এপ্রিল প্রলয়ংকারী ঘূর্ণিঝড়ে ...ধ্বস্ত দক্ষিণ আনন্দপুর সরকারী প্রাথমিক ...দ্যালয়টি আজো মেরামত করা হয়নি। ...ঝড়ের পরে, দীর্ঘ দিন অতিবাহিত ...ওয়ার পরেও বিদ্যালয়টি মেরামত না ...ওয়ায় ছাত্র-ছাত্রীদের পড়ালেখা দারুণভাবে ...ঘ্নিত হচ্ছে। বিদ্যালয়টির উপরের ...গুলো ঝড়ে উড়িয়ে নেয়ার দরুণ ...তরের আসবাবপত্র ও সাজসরঞ্জামাদি ...দ-বৃষ্টিতে নষ্ট হয়ে যাচ্ছে।



হরিন্দিয়া দাখিল মাদ্রাসা

...ড়হুদা (চুয়াডাঙ্গা) থেকে সংবাদদাতা ...নান, কোট চাঁদপুর উপলোর হরিন্দীয়া ...খিল মাদ্রাসাটি বর্তমানে নানা সমস্যায় ...র্জরিত। ইসলামী শিক্ষাকে মানুষের ...প্রান্তে পৌছে দেয়ার সুমহান ব্রত নিয়ে ...লহাজ্জ আলতাফ হোসেনের প্রচেষ্টায় ...ং স্থানীয় দানশীল ব্যক্তিদের আর্থিক ...হায়তায় ১৯৭৪ সালে হরিন্দীয়া দাখিল ...দ্রাসাটি স্থাপিত হয়। আর্থিক সংকটজনিত ...রণে সেটি আজ বন্ধের উপক্রম হয়ে ...ড়ছে।

...াশ, ১৯৭৪ সালে স্থাপিত হয়ে ১৯৮৪ ...লে মাদ্রাসাটি এবতেদায়ী হিসাবে স্বীকৃত ...ভ করে। পরে ১৯৮৭ সালে দাখিল ...নাবে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক ...কৃতি লাভ করে। কিন্তু অদ্যাবধি উক্ত ...দ্রাসার শিক্ষক কর্মচারীগণ সরকারী ...নুদান পাননি। ১৯৮৭ সালে দাখিল হিসাবে ...কৃতি লাভের পর ১৯৮৮/৮৯ আর্থিক ...রে মাদ্রাসাটির জন্য সরকারী অনুদান ...ন্দ হলেও কোন এক অজ্ঞাত কারণে তা ...তে ঘোষণা করা হয়। মাদ্রাসাটির সরকারী ...ড নং ৫৬০৪০১২১০২। সরকারী অনুদান ...পাওয়াতে অত্র মাদ্রাসার ১৩জন শিক্ষক ... অন্যান্য কর্মচারীগণ মানবেতর জীবন ...ন করছেন। স্থানীয় জনসাধারণ কর্তৃক ...ত্ত দানের টাকায় এ পর্যন্ত চালানো সম্ভব ...ছে। তাছাড়া মাদ্রাসাটির ভবন সমস্যা ...রা প্রকট। ঘরের অভাবে ছাত্র-ছাত্রী ...ক খোলা আকাশের নীচে ক্লাশ করতে ... বৈজ্ঞানিক সরঞ্জামাদীসহ প্রয়োজনীয় ...া উপকরণের অভাব রয়েছে।

... এলাকায় ইসলামী শিক্ষাকে সম্প্রসারিত ...র লক্ষ্যে হরিন্দীয়া দাখিল মাদ্রাসাটিকে ...কারী অনুদান প্রদান করার জন্য ...কাবাসী গণতান্ত্রিক সরকারের নিকট ...বেদন জানিয়েছেন।

...বাঘার ৯টি স্কুলে খোলা আকাশের নীচে ক্লাশ!

...া (রাজশাহী) থেকে সংবাদদাতা জানান, ...

ঝিকরগাছা (যশোর)—: গ্রাম বাংলার একটি ... কয়েকটি ... টিনের চালা বিশিষ্ট স্কুল ঘরটি ভগ্ন দাঁড়িয়ে, যে ঘরের ... জানালা নেই, নেই ঘরের বেড়া। তাই ছাত্র ছাত্রীদের ক্লাশ শেষ হওয়ার পর স্কুলটি গোয়াল ঘরে পরিণত হয়। কিন্তু স্কুলে আশ্রিত দণ্ডায়মান অজ্ঞান গরুটিকে জ্ঞান দান করার মতো সেখানে কেউ হাজির নেই —ইনকিলাব

উপজেলার চর চৌমাদিয়া, চকরাজাপুর, বাঁকড়া, দুড়দুড়িয়াসহ অন্যান্য স্কুলগুলোর টিনের চাল উড়ে যায়। কর্তৃপক্ষ কোন বরাদ্দ না দেয়ার ফলে স্কুলগৃহগুলো মেরামত করা সম্ভব হয়নি। অন্যদিকে এই উপজেলার বিনোদপুর এবং মনিগ্রাম প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা ছাদ ধসে পড়ার ভয়ে ক্লাসরুমে ঢুকতে পারছে না। গত ১৫-২০ বছর পূর্বে নির্মিত এই বিদ্যালয় দুটির ভবনের ছাদে ব্যাপক ফাটল দেখা দিয়েছে। স্কুল কর্তৃপক্ষ বিষয়টি প্রশাসনকে জানানোর পর উর্ধ্বতন কর্তৃপক্ষ বিদ্যালয় দুটি পরিদর্শন করে এগুলো ব্যবহারের অনুপযোগী ঘোষণা করেন। কিন্তু তারা আর কোন পদক্ষেপ গ্রহণ না করেই দায় শেষ করেন। ফলে সমস্যা থেকেই গেছে। বর্তমানে উক্ত দুটি বিদ্যালয়সহ ৮টি বিদ্যালয়ের শিক্ষাদান মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। একটু বেশী রোদ কিংবা আকাশে সামান্য মেঘ করলেই বিদ্যালয়গুলো ছুটি দেয়া ছাড়া উপায় থাকে না।

অন্যদিকে অভিভাবক অত্র বিদ্যালয়গুলোর এই শোচনীয় পরিবেশের কারণে তাদের ছেলে মেয়েদের বিদ্যালয়ে পাঠাচ্ছেন না।

নাগাইশ প্রাথমিক বিদ্যালয়

ব্রাহ্মণপাড়া থেকে নিজস্ব সংবাদদাতা জানান ব্রাহ্মণপাড়া উপজেলার নাগাইশ সরকারী প্রাথমিক বিদ্যালয় যে কোনো মুহূর্তে ধসে পড়ে মর্মান্তিক দুর্ঘটনা ঘটতে পারে।

বিদ্যালয়ের ভবনের ছাদে ফাটল সৃষ্টি হয়েছে এবং জরাজীর্ণ ছাদের ইটের সুরকি ঝরে ঝরে পড়ছে। ছাত্র-ছাত্রীরা মাটিতে বসে ক্লাশ করছে।

অপরদিকে এ স্কুলে ১২ শত ছাত্র-ছাত্রীর জন্য শিক্ষক মাত্র ৫ জন। আরো কমপক্ষে দু'জন শিক্ষকের আশু প্রয়োজন।

রাজবাড়ী : কালবৈশাখীর ঝড়ে বিধ্বস্ত পাংশা উপজেলার কুলটিয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা দীর্ঘদিন ধরে খোলা আকাশের নীচে শিক্ষা গ্রহণ করছে —ইনকিলাব